গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
www.motj.gov.bd

নং ২৪.০০.০০০০.১০৯.১৬.০১৩.১৬-৩৪৭

তারিখঃ ১৫ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২-১০-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ২৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেওয়া আছে। কার্যবিবরণীর কপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ডাউনলোড করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
(প্রদীপ কুমার সাহা)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৬০৭
ফ্যাক্সঃ ৯৫৭৩৮০৭
e-mail: motjsos2010@gmail.com
c_p@motj.gov.bd.

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব, (অডিট ও পাট-৩)/(পবি)/(প্রশাসন)/(পাট)/(বেওবি)/(আইন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/তাঁত বোর্ড/বিজেসি (বিঃ), ঢাকা।
০৩. মহা-পরিচালক, পাট অধিদপ্তর, করিম চেম্বার, মতিঝিল বা/এ, ঢাকা, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৪. পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৫. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭. লিকুইডেটর, লিকুইডেশন সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. নির্বাহী পরিচালক, জেডিপিসি, ১৪৫, মণিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা।
০৯. উপসচিব (সকল)/উপপ্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১৪. উপ-মহাব্যবস্থাক, আদমজী সন্স লিঃ, আদমজী কোর্ট (৪র্থ তলা), ১১৫/১২০, মতিঝিল বা/এ, ঢাকা।
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী লাইব্রেরীয়ান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। *(সহকারী প্রোগ্রামার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)*
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা ( চ.দা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সহকারী লাইব্রেরীয়ান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

**মাননীয় প্রধানমন্ত্রীর এ মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত ডিসেম্বর/২০১৬ মাসের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এম এ কাদের সরকার<br>সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৮ ডিসেম্বর, ২০১৬ বেলা ১১:০০ টা |
| সভার স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-"ক" |

০২। সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। বিগত নভেম্বর, ২০১৬ মাসের সভার কার্যবিবরণী সম্পর্কে কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতপর সভাপতি এজেন্ডাওয়ারী আলোচ্য বিষয় উপস্থাপন এবং আলোচনার জন্য সকলকে আহবান জানান।

০৩। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | বিজেএমসিকে নিজের পায়ে দাঁড়াতে হবে। এ লক্ষ্যে কি কি পদক্ষেপ নেয়া যেতে পারে সে বিষয়ে এবং বিজেএমসির সমস্যা সমাধানে বস্ত্র ও পাট মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ের সাথে বসে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে। | চেয়ারম্যান,বিজেএমসি জানান বিজেএমসি'র গুলশানস্থ জমি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে হস্তান্তরের বিষয়ে প্রতীকী মূল্যে ১,০০১/- (এক হাজার এক) টাকায় সরাসরি হস্তান্তর ও রেজিষ্ট্রেশন করার অনুমতি প্রদানের জন্য রাজউক-কে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়েছে; সেই সাথে রেজিষ্ট্রেশন ফি মওকুফের একটি প্রস্তাব রাজউকে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি জানান, গুলশানের জমিতে আরও কিছুদিন থাকার জন্য কয়েকটি বিদেশী দুতাবাস থেকে পত্র দেওয়া হয়েছে। কিন্তু বিজেএমসিকে নিজের পায়ে দাড়ানোর সুবিধার্থে জমি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে দ্রুত হস্তান্তর করা দরকার। | রাজউক এর চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে জমি রেজিষ্ট্রেশনের কাজ ত্বরান্বিত করতে হবে।<br>গুলশানের জমি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে দ্রুত হস্তান্তরে প্রয়োজনীয়তা উল্লেখ করে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট) |
| ০২। | পাটকলগুলোর পুরাতন মেশিন বাদ দিয়ে আধুনিক মেশিন বসাতে হবে। | ক) সভায় বিজেএমসি'র চেয়ারম্যান জানান, ৩টি মিল বিএমআরইকরণের লক্ষ্যে ১৩/১১/২০১৬ তারিখে চীনা CTEXIC প্রতিষ্ঠানের সাথে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের MOU স্বাক্ষরিত হয়েছে।<br><br>খ) বিজেএমসি'র চেয়ারম্যান আরো জানান, নিজস্ব অর্থায়নে ৩টি মিলে বিএমআরইকরণের লক্ষ্যে ২৭/১০/২০১৬ তারিখে পিইসি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের অর্থ অনুদান হিসেবে বিবেচনার জন্য অর্থ বিভাগের অনুমোদনের গ্রহণের বিষয় প্রক্রিয়াধীন আছে। | ক) যথাশীঘ্র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>খ) প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট)<br>উপ-প্রধান (পরিকল্পনা) |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৩। | বিজেএমসির অব্যবহৃত জায়গায় ছোট ছোট প্লট করে বেসরকারী শিল্প উদ্যোক্তাদের বরাদ্দ দিয়ে Jute related কারখানা স্থাপন করার ব্যবস্থা নেয়া যেতে পারে। | চেয়ারম্যানবিজেএমসিজানান্ Jute related কারখানা স্থাপনের নিমিত্ত প্রণীত নীতিমালাপ্রণয়ন করাহয়েছেযা ২৭/১২/২০১৬ তারিখেমন্ত্রণালয়েপ্রেরণ করাহয়েছে<br><br>বিটিএমসি'র চেয়ারম্যান জানান, টেক্সটাইল পল্লী বাস্তবায়নের লক্ষ্যে মামলা বহির্ভূত ৩টি প্লট বিক্রয় করা হয়েছে। বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন চিত্তরঞ্জণ কটন মিলের জমিতে ৭টি প্লট বিক্রয়ের জন্য পুনঃ দরপত্র আহবান করা হয়েছে। | নীতিমালা যাচাই-বাছাই করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>দরপত্র মূল্যায়ন ও যথাশীগ্র কাজ বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br>চেয়ারম্যান বিটিএমসি<br>অতিরিক্ত সচিব (পাট)<br>যুগ্মসচিব (বস্ত্র)<br>উপ-প্রধান (পরিকল্পনা) |
| ০৪। | বিজেএমসির কারখানাগুলোকে কীভাবে লাভজনক প্রতিষ্ঠান করা যায় সংশ্লিষ্ট চেয়ারম্যান তার কর্মপরিকল্পনা তৈরী করবেন। প্রয়োজনে এ বিষয়ে আলাদা সভার আয়োজন করতে হবে। | বিজেএমসি-কে লাভজনক করার জন্য ইত:মধ্যে মাননীয় মন্ত্রী /প্রতিমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে চেয়ারম্যান বিজেএমসি সভাকে অবহিত করেন। যেমন:-<br>ক) সিস্টেম লস এর জায়গাগুলো চিহ্নিত করা হয়েছে এবং সিস্টেম লস কমে এসেছে।<br>খ) পাটক্রয় কেন্দ্র কমিয়ে আনা হয়েছে।<br>গ) অলস মজুরী দেওয়া হয় না।<br>ঘ) হাজিরা অটোমশেন করা হয়েছে।<br>ঙ) ব্যাংক হিসাবের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের মজুরী পরিশোধ করা হচ্ছে।<br>চ) হাজিরা অটোমেশন বিষয়ে সভাপতি বলেন , পরীক্ষামুলক ভাবে ২টি মিলে ডিজিটাল হাজিরা করা যেতে পারে এর মধ্যে ঢাকা য় ১টি এবং খুলনায় (খুলনা টেক্সটাইল মিল) ১টি। | দূর্নীতি হ্রাসে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়নে ব্যবস্থা নিতে হবে।<br>বিজেএমসি'র কারখানা গুলোকে লাভজনক করার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। পরীক্ষামূলক ভাবে ঢাকায় ১টি এবং খুলনায় ১টি মিলে অটোমেশন পদ্ধতিতে হাজিরা নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট)<br>উপ-প্রধান (পরিকল্পনা) |
| ০৫। | ক) বিটিএমসির বন্ধ মিলগুলো চালু করার ব্যবস্থা নিতে হবে।<br><br>খ) পুরাতন মেশিন বাদ দিয়ে আধুনিক মেশিন বসাতে হবে। | ইতোমধ্যে বিটিএমসি'র বন্ধ ৪টি মিল চালু করা হয়েছে এবং ৬টি মিল দেশী /বিদেশী যৌথ উদ্যোগে আধুনিকায়নে র মাধ্যমে চালুর জন্য স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে বিটিএমসি'র চেয়ারম্যান সভাকে অবহিত করেন। এ বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী র সভাপতিত্বে ২৭/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে চেয়ারম্যান, বিটিএমসি জানান। | মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২৭/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজ এগিয়ে নিয়ে যেতে হবে। | চেয়ারম্যান বিটিএমসি<br>উপ-প্রধান (পরিকল্পনা) |
| ০৬। | যে সকল শিল্প বেসরকারীকরণ করা হয়েছিল, শর্ত লংঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনতে হবে। | বিটিএমসি'র আওতাধীন ৩৪টি এবং বিজেএমসি'র ৩৫টি মিলের মধ্যে এ পর্যন্ত ৯টি টেক্সটাইল মিল হস্তান্তর করা হয়েছে। শর্ত লংঘিত মিল ফিরিয়ে আনার লক্ষ্যে গঠিত টাক্সফোর্স ৪৭টি মিল পরিদর্শন করা হয়েছে এবং বাকি মিলগুলি পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বলা হয়েছে মর্মে অতিরিক্ত সচিব (বেওবি) জানান। মিল পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব আকারে প্রতিবেদন দাখিল করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | যথাসম্ভব শীঘ্র টাস্কফোর্স কর্তৃক পরিদর্শন কাজ সম্পন্ন ও পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (পবি)<br>টাস্কফোর্স সদস্যবৃন্দ |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৭। | শ্রমিক-কর্মচারীদের নিকট যে সকল মিলের ব্যবস্থাপনা হস্তান্তর করা হয়েছিল, ঐ সকল মিল সঠিকভাবে পরিচালনার ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে কোম্পানী গঠন করে সেগুলো চালানোর ব্যবস্থা নিতে হবে। | এ বিষয়ক আন্ত:মন্ত্রণালয় কমিটির একটি মিটিং আহবানের সিদ্ধান্ত ছিল। কিন্তু সভাটি অনুষ্ঠিত হয়নি। | আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br>অতিরিক্ত সচিব (পাট)<br>উপ-প্রধান (পরিকল্পনা) |
| ০৮। | মিরপুরের জমি তাঁত বোর্ডের অফিস ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণের প্রয়োজনে ব্যবহার করা যেতে পারে। | চেয়ারম্যান বাতাঁবো জানান মিরপুরের জমিতে তাঁ কমপ্লেক্স স্থাপনের ডিপিপি তৈরি প্রায়চূড়ান্ত পর্যায়ে আছে। তবে ডিপিপি একটি কপি এখন বাংলায় কর কারণে একটু বিলম্ব হচ্ছে। জানুয়ারি২০১৭ মাসের মধ্যে চূড়ান্ত খসড়া ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | এ বিষয়ে ডিপিপি জানুয়ারি২০১৭ মাসের মধ্যে মন্ত্রণালয়েপ্রেরণ করতেহবে। | চেয়ারম্যান বাতাঁবো<br>যুগ্মসচিব (বস্ত্র-২)<br>উপপ্রধান (পরি:) |
| ০৯। | মিরপুর ঘনবসতিপূর্ণ জায়গা তাই বেনারসী পল্লী ও কর্মরত শ্রমিকদের উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করতে হবে। ঢাকার বাইরে খোলামেলা জায়গায় বেনারসী/তাঁতপল্লী স্থাপনের ব্যবস্থ নিতে হবে। | খোলামেলা জায়গায় ''তাঁত পল্লী স্থাপন'' শীর্ষক প্রকল্পের Feasilility Study এর রিপোর্ট চূড়ান্ত পর্যায়ে আছে মর্মে জানানো হয়। | প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান বাতাঁবো<br>যুগ্মসচিব (বস্ত্র-২)<br>উপপ্রধান (পরিকল্পনা) |
| ১০। | সুতা ও রং আমদানীর ক্ষেত্রে কীভাবে তাঁতীদের শুল্কমুক্ত সুবিধা দেয়া যায় তার প্রস্তাবনা তৈরী করতে হবে। | বিষয়টি বাস্তবায়িত হয়েছে মর্মে এজেন্ডা হতে বাদ দেয়া যেতে পারে। | এজেন্ডা হতে বাদ দিতে হবে। | --- |
| ১১। | ক) কৃষি মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়ের গবেষকদের সাথে যোগাযোগ রক্ষা করে তুঁত গাছের উন্নয়ন এবং তুঁতচাষের উন্নত প্রযুক্তি বের করতে হবে।<br><br>খ) একটি বাড়ী একটি খামার প্রকল্পের সাথে তুঁতচাষের সমন্বয় করে পরিকল্পনা গ্রহণ করতে হবে। | ক) গবেষকদের মতামত গ্রহণপূর্বক ডিপিপি প্রস্তুত করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে বসে বিষয়টি চূড়ান্ত করতে হবে।<br><br>খ) এ বিষয়ে প্রকল্পের উপজেলা সমন্বয়কারী ফিল্ড সুপারভাইজার, বোর্ডের কর্মকর্তা সমন্বয়ে কর্মশালা অব্যাহত রাখার বিষয়টি সভাপতি তুলে ধরেন। | ক) অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আরো জোরদার করতে হবে। | মহাপরিচালক বারেউবো,<br>পরিচালক, বিএসআরটিআই<br><br>যুগ্মসচিব (বস্ত্র-২)<br>উপপ্রধান (পরিকল্পনা) |
| ১২। | টেক্সটাইল ইনস্টিটিউট/কলেজ নির্মাণের ক্ষেত্রে ৫ একর জমির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে। | নির্দেশনা বাস্তবায়িত মর্মে গণ্য করা যায়। | এজেন্ডা হতে বাদ দিতে হবে। | --- |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩। | আদালতে বিচারাধীন মামলা প্রতিদ্বন্দিতা করার জন্য যে সকল তথ্য, উপাত্ত ও প্রমানক প্রয়োজন হয়, তা যথাসময়ে দপ্তর/সংস্থাকে মন্ত্রণালয়ের মাধ্যমে সরবরাহ নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ নিয়ে একত্রে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের আইন অধিশাখা মামলাসমূহ যথাযথভাবে প্রতিদ্বন্ধিতা করছে মর্মে সভাকে অবহিত করা হয়। | প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | দপ্তর/সংস্থার প্রধানগণ ( সংশ্লিষ্ট সকল)<br><br>অতিরিক্ত সচিব (আইন) |
| ১৪। | ক) পাট ও পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মধ্যে সমন্বয় বাড়াতে হবে।<br><br>খ) সরকারী জমি ফেলে না রেখে যথাযথ কাজে লাগানোর ক্ষেত্রে সম্ভাব্য সর্বোত্তম প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ক) বহুমুখী পাটপণ্যের উৎপাদন, ব্যবহার, বাজার জাতকরণ, বিদেশে মেলায় পাট পণ্যের স্টল স্থাপন বিষয়ে বিজেএমসি. পাট অধিদপ্তর, জেডিপিসি ডিসেম্বর, ২০১৬ মাসের মধ্যে কর্মপরিকল্পনা ও রোড ম্যাপ তৈরি করে মন্ত্রণালয়ে দাখিল করবে বলে জানানো হয়।<br><br>খ) দপ্তর/সংস্থার প্রধানগণ জানান অব্যবহৃত জমি ফেলে না রেখে কাজে লাগানোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ক) জানুয়ারি ২০১৭ মাসের ১ম সপ্তাহের মধ্যে কর্মপরিকল্পনা ও রোড ম্যাপ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।<br><br>খ) প্রক্রিয়া চলমান রাখতে হবে। | চেয়ারম্যান, বিজেএমসি, মহাপরিচালক, পাট অধিদপ্তর, নির্বাহী পরিচালক, জেডিপিসি<br><br>দপ্তর/সংস্থার প্রধান (সকল) |
| ১৫। | Jute Geotextile ব্যবহার সম্পর্কে প্রচারণার ব্যবস্থা নিতে হবে। পণ্য সংরক্ষণ ও অন্যান্য কাজে পাট ও পাটজাত পণ্য ব্যবহার বৃদ্ধি করতে হবে। | এলজিডি, পানি উন্নয়ন বোর্ড এর রেট সিডিউলে Jute-Geotextile অন্তর্ভূক্ত হয়েছে, এ ব্যাপারে কাজ চলমান আছে বলে মহাপরিচালক, পাট অধিদপ্তর জানান। এ বিষয়ে একটি মিটিং আহবান এর সিদ্ধান্ত থাকলেও মিটিংটি অনুষ্ঠিত হয়নি। | Jute-Geotextile ব্যবহার বৃদ্ধিকরণের জন্য যোগাযোগ আরো বৃদ্ধি করতে হবে। যুগ্মসচিব (পাট-২) এ বিষয়ে মিটিং এর আয়োজন করবেন। | মহাপরিচালক, পাট অধিদপ্তর, নির্বাহী পরিচালক, জেডিপিসি যুগ্মসচিব (পাট-২) |
| ১৬। | বস্ত্রশিল্পে বাংলাদেশে সোনালী ঐতিহ্য রয়েছে। কোন কোন এলাকায় মসলিনের সুতা তৈরী হতো তা জেনে সে প্রযুক্তি পুনরুদ্ধারের উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা তৈরির প্রযুক্তি ও মসলিন কাপড় পুনরুদ্ধার (১ম পর্যায়) প্রকল্প বিষয়ে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে চেয়ারম্যান, বাতাঁবো সভাকে অবহিত করেন। | পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি আগামী সভায় চেয়ারম্যান, বাতাঁবো উপস্থাপন করতে পারেন। | চেয়ারম্যান বাতাঁবো উপপ্রধান (পরিকল্পনা) |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮/১২/২০১৬ খ্রি:
(এম এ কাদের সরকার)
সচিব।